# U.G. 1st Semester Examination - 2021

## BENGALI

### Course Code : BBNGCCHT102

### Course Title : আধুনিক বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ‘পদ্মিনী উপাখ্যান’ গ্রন্থটি প্রথম প্রকাশ কালে তার আখ্যা পত্রে ইংরেজিতে যে বাক্যবন্ধটি লেখা ছিল তা উল্লেখ করো।

খ) ভীম সিংহ ও পদ্মিনীর অশ্ব যুগলের নাম লেখো।

গ) ‘গুড়ুম গুম্ গুড়ুম গুম্ মহাশব্দ তোপে।

পড়ে সৈন্যঠাটে তরোবার কোপে।।’

‘ঘোরতর যুদ্ধ’ অংশের উদ্ধৃত চরণে কবি কোন্ ছন্দ ব্যবহার করেছেন?

ঘ) চিতোরের সেনা প্রধানের নাম লেখো।

ঙ) ‘কাঙালের কথা বাসি হলে খাটে’ — এই উক্তির অর্থ লেখো।

[পরের পাতায়]

চ) ‘মিনসের মুখ খান মনে পড়লি আজো মোর পরানডা ডুকরে ক্যাদে ওঠে’ — ‘মিনসে’ বলতে বক্তা কাকে বুঝিয়েছে?

ছ) ‘ধর্মাবর্তার, গালাগালি খেতেও আমরা, ‘পয়জার’ খেতেও আমরা, ‘শ্রীঘর যেতেও আমরা’ — উক্তিটিতে ‘পয়জার’ ও ‘শ্রীঘর’ শব্দ দুটির অর্থ লেখো।

জ) ‘আলালের ঘরের দুলাল’ রচনাটিতে ক’টি অধ্যায় আছে?

ঝ) বেচারাম বাবুর বৈঠকখানায় কীর্তনীয়ারা কোন্ পর্যায়ের গানগুলি গেয়েছিলেন?

ঞ) বাবুরাম বাবু কোথাকার জমিদার ছিলেন?

ট) ‘আলালের ঘরের দুলাল’ গ্রন্থটির ইংরেজি অনুবাদের নাম লেখো।

ঠ) ‘মরুভূমির মধ্যে আর একবার মরীচিকা দেখিতে লাগিলাম’ — ‘মরীচিকা’ বলতে এখানে কী বোঝানো হয়েছে?

ড) ‘পোষ্টমাষ্টার’ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

ঢ) ‘মেঘ ও রৌদ’ গল্পটি প্রথম কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয়েছিল?

ণ) ‘আহা, দুটিতে বেশ মানায়।’ — কার উক্তি?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) পদ্মিনী উপাখ্যানে ‘ক্ষত্রিয়দিগের প্রতি রাজার উৎসাহ বাক্য’ অংশে পাশ্চাত্য কোন্ কবির কোন্ কবিতার অনুসরণ লক্ষ করা যায়?

খ) ‘আমি স্বীয় দল বলে

অনলে প্রবেশি ত্যাজি প্রাণে।।’

—উক্তিটির বক্তা কে?

কী কারণে তিনি অগ্নিতে আত্মাহুতি দিতে চাইছেন?

গ) ‘কি পদাঘাতই করিতেছে বাপ! বেটা যেন আমার কালেজ আউট বাবুদের গৌন পরা মাগ?’ — উক্তিটির বক্তা কী কারণে একথা বলেছে?

ঘ) ‘নীলদর্পণ’ নাটকে ব্যবহৃত দুটি প্রবাদের উল্লেখ করো।

ঙ) ঠক চাচা ও ঠক চাচীর শেষ পরিণতি কী হয়েছিল?

চ) মতিলাল বারাণসীতে গিয়ে প্রতিদিন কী করত?

ছ) ‘দাদাঠাকুর এখন আমার বউকে বাঁচাইবার কী উপায় করি?’ —বক্তা কে? ‘দাদাঠাকুর’ কে?

জ) ‘‘আমার কেমন দুর্বুদ্ধি হইল আমি প্রথমেই বলিয়া ফেলিলাম, আমি চিনি না।’’

— উক্তির বক্তা কে? তার এরূপ বলার কারণ কী?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ‘নীলদর্পণ’ প্রচারধর্মী উদ্দেশ্যমূলক নাটক কিনা আলোচনা করো।

খ) মতিলালের বিভিন্ন ভাষা শিক্ষার সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) ‘মেঘ ও রৌদ্র’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।



৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) ‘পদ্মিনী উপাখ্যান’—এ ট্রাজিক নামক রূপে ভীম সিংহ চরিত্রটি বিচার করো।

খ) ‘আলালের ঘরের দুলাল’ কী জাতীয় রচনা তা আলোচনা করো।

গ) ‘নীলদর্পণ’ নাটকে নারীচরিত্র গুলি নির্মাণে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।

———————